মুজিববর্ষের আহবান
শিশুশ্রমের অবসান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
**কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর**
উপমহাপরিদর্শকের কার্যালয়
টাঙ্গাইল জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি
www.dife.tangail.gov.bd

**শিশুশ্রম নিষিদ্ধ**

## টাঙ্গাইল জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির ১৫তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জসীম উদ্দীন হায়দার<br>জেলা প্রশাসক ও সভাপতি, টাঙ্গাইল জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি |
| সভার তারিখ | ১৫ জানুয়ারি ২০২৩ |
| সভার সময় | বেলা ১২.০০টা |
| স্থান | জেলা প্রশাসকের সভাকক্ষ |
| উপস্থিতি | উপস্থিত সদস্য/প্রতিনিধিগণের হাজিরা সংযুক্ত |

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতেই ১৪তম সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। সদস্য সচিব জাতীয় শিশুশ্রম নিরসন নীতি, ২০১০, শিশুশ্রম নিরসন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনা, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) এর লক্ষ্যমাত্রা (ইন্ডিকেটর ৮.৭) প্রভৃতির আলোকে শিশুশ্রম নিরসন সংক্রান্ত বিষয়াদি বর্ণনা করেন। সরকার ২০২৫ সালের মধ্যে সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করে শিশুশ্রম মুক্ত বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যস্থির করেছেন। সরকারের উন্নয়ন পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) এর লক্ষ্যমাত্রা অর্জন প্রভৃতির আলোকে শিশুশ্রম নিরসন করে শিশুশ্রম মুক্ত বাংলাদেশ বিনির্মাণের গুরুত্ব উপস্থাপন করা হয়। ২০২৫ সালের মধ্যে সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করে শিশুশ্রম মুক্ত বাংলাদেশ বিনির্মাণে জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়নে সরকার বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। সদস্য সচিব শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জাতীয় পর্যায়ের কার্যক্রম সহ টাঙ্গাইল জেলাকে শিশুশ্রম মুক্তকরণে চলমান কার্যক্রম তুলে ধরেন। সরকারের বিভিন্ন ইতিবাচক পদক্ষেপের কারণে শ্রমে নিয়োজিত শিশুদের সংখ্যা দ্রুত হ্রাস পাচ্ছে। অতঃপর বিস্তারিত আলোচনান্তে টাঙ্গাইল জেলাকে শিশুশ্রম মুক্তকরণে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **<u>শিশুশ্রম নিরসন নীতি সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন:</u>**<br>সরকারের জাতীয় শিশুশ্রম নিরসন নীতি, ২০১০ এবং শিশুশ্রম নিরসন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনা মোতাবেক ২০২৫ সালের মধ্যে সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসনপূর্বক শিশুশ্রম মুক্ত বাংলাদেশ বিনির্মাণে জাতীয় শিশুশ্রম নিরসন নীতির আলোকে প্রণীত জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়নে সরকার বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে বলে সভায় জানানো হয়। ২০২১ সালে বাংলাদেশ কাজে যোগদানের নূন্যতম বয়স সংক্রান্ত আইএলও কনভেনশন-১৩৮ অনুসাক্ষর করেছে মর্মে সভায় জানানো হয়। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক পূর্বের ৩৮টি কাজের সাথে আরও ৫টি কাজ যোগ করে মোট ৪৩ ধরণের কাজকে শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ বলে ঘোষণা করেছে। ২০২৫ সালের মধ্যে সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করে শিশুশ্রম মুক্ত দেশ গঠনে সরকারি-বেসরকারি সংস্থা, জনপ্রতিনিধি, মালিক ও মালিক সমিতি, শ্রমিক ও শ্রমিক সংগঠন, গণমাধ্যম কর্মী সহ সকলকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। শিশুশ্রম নিরসন বিষয়ে সচেতনতা সৃষ্টি করে শিশুশ্রমের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | জনপ্রতিনিধিসহ সরকারী-বেসরকারী সকল পক্ষের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় **‘শিশুশ্রম নিরসনে সামাজিক আন্দোলন’** গড়ে তোলার মাধ্যমে ২০২৫ সালের মধ্যে সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করে শিশুশ্রম মুক্ত বাংলাদেশ বিনির্মাণে সকলকে একত্রে কাজ করতে হবে। | ১. সরকারি-বেসরকারি সংস্থা<br>২. জনপ্রতিনিধি<br>৩. মালিক ও মালিক সংগঠন<br>৪. শ্রমিক ও শ্রমিক সংগঠন<br>৫. গণমাধ্যম কর্মী<br>৬. উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (UCLMC)<br>৭. জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (DCLMC) |

| | | | |
|---|---|---|---|
| ০২. | **টাঙ্গাইল জেলাকে শিশুশ্রম মুক্তকরণ সংক্রান্ত:**<br>টাঙ্গাইল জেলাকে শিশুশ্রম মুক্ত জেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে টাঙ্গাইল জেলার সকল পৌর মেয়র এবং সকল উপজেলা চেয়ারম্যানকে ভূমিকা পালনের জন্য বিশেষ আহ্বান জানানো হয়। জনপ্রতিনিধি, সরকারী-বেসরকারী দপ্তর/সংস্থা, মালিক ও মালিক সংগঠনসমূহ, শ্রমিক ও শ্রমিক সংগঠনসমূহ, গণমাধ্যমসহ সংশ্লিষ্ট সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় টাঙ্গাইল জেলাকে শিশুশ্রমমুক্ত করে দেশের একটি মডেল জেলা হিসেবে প্রতিষ্ঠা করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হয়। এ লক্ষ্যে প্রথমে ব্যাপক প্রচার-প্রচারণার মাধ্যমে ***শিশুশ্রম নিষিদ্ধ ও আইনত দন্ডনীয় অপরাধ*** এ বিষয়ে জনসাধারণকে অবহিত করা হবে ও জনসচেতনতা সৃষ্টি করা হবে।<br>টাঙ্গাইল জেলাকে শিশুশ্রম মুক্ত করতে জেলা ও উপজেলা কমিটির সকল সদস্যকে তাদের উপর অর্পিত দায়িত্ব পালনে আরো আন্তরিক হওয়ার অনুরোধ জানানো হয়। | ১. ব্যাপক প্রচার-প্রচারণার মাধ্যমে ***শিশুশ্রম নিষিদ্ধ ও আইনত দন্ডনীয় অপরাধ*** এ বিষয়ে টাঙ্গাইলের জনসাধারণকে অবহিত করতে হবে ও জনসচেতনতা সৃষ্টি করতে হবে।<br>২. টাঙ্গাইলের জনসাধারণকে শিশুশ্রম নিরসন বিষয়ে সচেতন করতে শিশুশ্রমের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।<br>৩. জেলা ও উপজেলা কমিটির সকল সদস্যকে তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভবে পালন করতে হবে। | ১. জনপ্রতিনিধি<br>২.সরকারি-বেসরকারি সংস্থা<br>৩. মালিক ও মালিক সমিতি<br>৪. শ্রমিক ও শ্রমিক সংগঠন<br>৫. গণমাধ্যম কর্মী<br>৬. UCLMC<br>৭. DCLMC |
| ০৩. | **শিশুশ্রম নিরসন সম্পর্কিত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় সংক্রান্ত:** | | |
| | ২০২৫ সালের মধ্যে সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করে শিশুশ্রম মুক্ত বাংলাদেশ বিনির্মাণে জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়নে সরকারী-বেসরকারী সংস্থা বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, টাঙ্গাইল কর্তৃক টাঙ্গাইল জেলায় ঝুঁকিপূর্ণসহ বিভিন্ন সেক্টর হতে শিশুশ্রম নিরসনের লক্ষ্যে সরেজমিন পরিদর্শন করে তথ্য সংগ্রহ এবং নোটিশ প্রেরণ, উদ্বুদ্ধকরণ, অংশীজনদের নিয়ে সভা, তাগিদপত্র প্রেরণ ও শ্রম আদালতে মামলা রুজুসহ বিভিন্ন কার্যক্রম পরিচালিত হচ্ছে বলে সদস্য সচিব সভায় জানান।<br>জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, টাঙ্গাইল আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর মাধ্যমে টাঙ্গাইল জেলার ৯টি উপজেলায় দারিদ্রপীড়িত, শিক্ষাবঞ্চিত, ঝরে পড়া, শ্রমে নিয়োজিত ৮-১৪ বছর বয়সী শিশুদেরকে উপানুষ্ঠানিক শিক্ষার আওতায় ফিরিয়ে নিয়ে আসতে কাজ করছে।<br>টিটিসি'তে বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে পুনর্বাসনের সুযোগ রয়েছে বলে সভায় জানানো হয়।<br>শিশুকল্যাণ প্রাথমিক বিদ্যালয়, টাঙ্গাইলে কাজ করে এমন ছেলে মেয়ে এ বিদ্যালয়ে পড়াশুনা করার সুযোগ রয়েছে বলে সভায় জানান হয়।<br>শিশুশ্রম নিরসনে বেসরকারি সংস্থাসমূহকে শ্রমে নিয়োজিত শিশুদের পূনর্বাসন সংক্রান্ত প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।<br>শিশুশ্রম নিরসন সংক্রান্ত চলমান প্রকল্প/কর্মসূচির তথ্যাদি সদস্য সচিব ও সভাপতির নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।<br>শিশুশ্রম নিরসনে দেশব্যাপী প্রকল্প গ্রহণ করা হলে অধিক ফলপ্রসূ হবে মর্মে সদস্যগণ মত ব্যক্ত করেন। | ১) শিশুশ্রম মুক্ত বাংলাদেশ গড়ে তুলতে সরকারি-বেসরকারি পর্যায়ে শিশুশ্রম নিরসন/পুনর্বাসন সংক্রান্ত প্রকল্প/কর্মসূচি গ্রহণের উদ্যোগ নিতে হবে।<br>২) সরকারি-বেসরকারি সংস্থা কর্তৃক শিশুশ্রম নিরসন/পুনর্বাসন সংক্রান্ত যেসব প্রকল্প/কর্মসূচি চলমান আছে তার কার্যক্রম বেগবান করতে হবে।<br>৩)প্রকৃত দারিদ্রপীড়িত, শিক্ষাবঞ্চিত, ঝরে পড়া, শ্রমে নিয়োজিত শিশুদেরকে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর মাধ্যমে উপানুষ্ঠানিক শিক্ষার আওতায় অন্তর্ভূক্ত করতে হবে।<br>৪) শিশুশ্রম নিরসন/পুনর্বাসন সংক্রান্ত চলমান প্রকল্প/কর্মসূচির হালনাগাদ তথ্য সদস্য সচিবের নিকট প্রেরণ করতে হবে। | ১. টি টি সি, টাঙ্গাইল<br>২. এস এস এস, টাঙ্গাইল<br>৩. ব্র্যাক, টাঙ্গাইল<br>৪. শিশুকল্যাণ প্রাথমিক বিদ্যালয়, টাঙ্গাইল<br>৫. সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, টাঙ্গাইল<br>৬. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর<br>৭. সভাপতি/সদস্য সচিব, উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি, সকল উপজেলা, টাঙ্গাইল<br>৮. সকল সদস্য, জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (DCLMC), টাঙ্গাইল। |
| ০৪. | **শ্রমে নিয়োজিত শিশুর তথ্য সংগ্রহ ও ডাটাবেজ হালনাগাদ সংক্রান্ত:** | | |
| | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, টাঙ্গাইল কর্তৃক টাঙ্গাইল জেলার বিভিন্ন সেক্টরের প্রতিষ্ঠান পরিদর্শন করে শ্রমে নিয়োজিত শিশুর তথ্য সংগ্রহ ও ডাটাবেজ হালনাগাদকরণ কার্যক্রম চলমান আছে। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, | শিশুশ্রম নিরসনে পরিদর্শন কার্যক্রম জোরদারপূর্বক অব্যাহত রাখতে হবে। | উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, টাঙ্গাইল। |

| | | | |
|---|---|---|---|
| | টাঙ্গাইল ২০২১-২২ অর্থবছরে ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ, আটোমোবাইল ওয়ার্কসপ, বেকারী, হোটেল-রেঁস্তোরা, দোকান-প্রতিষ্ঠান প্রভৃতি সেক্টরে সরেজমিন পরিদর্শন করে ৭২ টি কারখানা/প্রতিষ্ঠানে ৮৮ জন শ্রমে নিয়োজিত শিশুর তথ্য সংগ্রহ করে এবং চলতি অর্থবছরে অদ্যাবধি ৩৫ টি কারখানায় ৪৪ জন শিশুকে কাজে নিয়োজিত পাওয়া যায়, তাদের তথ্য সংগ্রহ করে ডাটাবেজ হালনাগাদ করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করা হয়। | টাঙ্গাইল জেলায় শ্রমে নিয়োজিত শিশুদের তথ্য সংগ্রহ করে ডাটাবেজ হালনাগাদকরণ ও শ্রম হতে নিরসনে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১. উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, টাঙ্গাইল।<br>২. উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি<br>৩. জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (DCLMC) |
| | প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ ঝরে পড়া ছাত্র-ছাত্রীর তথ্য সংগ্রহের সময় যদি কোন শিশু শ্রমে নিয়োজিত হয়ে থাকে তার বিস্তারিত তথ্য সংগ্রহ করে কমিটিতে প্রেরণ করা হলে তাদের শ্রম হতে নিরসন ও পুনর্বাসনে উদ্যোগ গ্রহণ করা সহজ হবে মর্মে সভায় মত ব্যক্ত করা হয়। | প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ ঝরে পড়া ছাত্র-ছাত্রীর তথ্য সংগ্রহের সময় শ্রমে নিয়োজিত শিশুর তথ্য সংগ্রহ পূর্বক তালিকা প্রণয়ন করে জেলা ও উপজেলা কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণ করতে হবে। | ১. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।<br>২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, টাঙ্গাইল। |
| | উপজেলা পর্যায়ে উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি কর্তৃক শিশুশ্রমের ডেটা বা উপাত্ত সংগ্রহ করে জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটিতে প্রেরণ করবেন। এ ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, মেম্বারদের সহায়তা নেয়া যেতে পারে বলে সভায় উল্লেখ করা হয়। | শিশুশ্রমের ডেটা বা উপাত্ত সংগ্রহ করে সদস্য সচিব, জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি বরাবর প্রেরণ করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি<br>২.সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৫. | **<u>উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি কার্যকর করা সংক্রান্ত:</u>** জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও টাঙ্গাইল জেলাকে শিশুশ্রম মুক্তকরণে উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি কার্যকর করা অত্যন্ত জরুরী। সদস্য সচিব জানান যে, উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি সংক্রান্ত গেজেট, জেলা কমিটির সভার কার্যবিবরণী, উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি গঠনপূর্বক কার্যকর করা সংক্রান্ত জেলা প্রশাসক ও সভাপতি কর্তৃক উপজেলা কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরিত পত্রসহ ফোল্ডার প্রেরণ করা হয়েছে। সত্বেও উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে না।<br>উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি কার্যকর করা ও সভা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণকে নির্শেনা প্রদান করলে উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি কার্যকর করা ও সভা অনুষ্ঠিত হবে বলে সদস্য সচিব মত ব্যক্ত করেন। | ১. সকল উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি কার্যকর করতে হবে।<br>২. নিয়মিত কমিটির সভা আহবান করবেন এবং সভার কার্যবিবরণী সভাপতি/সদস্য সচিব, জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি বরাবর প্রেরণ করবেন।<br>৩. আগামী সভার পূর্বেই উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি কার্যকর করা ও সভা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণকে লিখিত নির্শেনা প্রদান করতে হবে।<br>৪. উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি কার্যকর করা ও সভা করা সংক্রান্ত তথ্যাদি আগামী সভার পূর্বেই প্রেরণ এবং সভায় উপস্থাপন করতে হবে। | ১. উপজেলা চেয়ারম্যান ও উপদেষ্টা, উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি।<br>২. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি।<br>৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য সচিব, উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি। |
| ০৬. | **প্রচার ও উদ্বুদ্ধকরণ:**<br>টাঙ্গাইল জেলা-কে শিশুশ্রম মুক্ত করতে ব্যাপক প্রচার-প্রচারণার মাধ্যমে সমাজের মানুষকে 'শিশুশ্রম নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ, শিশুকে কাজে নিয়োগ দেয়া যাবে না' এ বিষয়ে সচেতনতা সৃষ্টি করতে জেলা তথ্য অফিসের সহযোগিতায় টাঙ্গাইল জেলা শহরে মাইকিং করা হয়েছে এবং শিশুশ্রম বন্ধে প্রচারণমূলক লিফলেট ও স্টিকার তৈরি করে বিলি করা হচ্ছে এবং উদ্বুদ্ধ করা হচ্ছে বলে সদস্য সচিব সভাকে অবহিত করেন।<br>জেলা শহরে ও উপজেলাতে মাইকিং করে প্রচার করা হয়েছে বলে জেলা তথ্য অফিস হতে জানানো হয়। | শিশুশ্রম নিরসনে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে টাঙ্গাইল জেলার সকল উপজেলায় মাইকিং, পোস্টার, লিফলেট বিতরণ ও স্থানীয় গণমাধ্যমের মাধ্যমে প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। | ১. জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল<br>২. সভাপতি, প্রেস ক্লাব, টাঙ্গাইল।<br>৩. সকল সদস্য, জেলা কমিটি<br>৪. সভাপতি ও সদস্য সচিব, উপজেলা কমিটি<br>৫. উপমহাপরিদর্শক, ডাইফ, টাঙ্গাইল। |

| | | | |
|---|---|---|---|
| | দেশ ও জাতির স্বার্থে শিশুদেরকে সুস্থ, সুশিক্ষিত ও সুনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে শিশুকে শ্রম হতে নিরসন করার এবং শিশুকে কাজে নিয়োগ না করার বিষয়ে সচেতনতাবৃদ্ধিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | শিশুকে কাজে নিয়োগ না করার বিষয়ে কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ও অভিভাবককে উদ্বুদ্ধ করতে হবে। | উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর |
| | | জেলা/উপজেলা প্রশাসন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিভিন্ন সরকারী দপ্তর অভিযান পরিচালনার সময় 'শিশুশ্রম নিষিদ্ধ এবং শিশুকে কাজে নিয়োগ করা দন্ডনীয় অপরাধ' এ বিষয়ে উদ্বুদ্ধকরণ করতে হবে। | ১.সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর<br>২.সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, টাঙ্গাইল<br>৩. সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা<br>৫. উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর<br>৬. আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী<br>৭. জেলা/উপজেলা প্রশাসন |
| | | সভা, সমাবেশে, ওয়ার্কশপ, সেমিনার ইত্যাদিতে বক্তব্য প্রদানের সময় জনগণকে শিশুশ্রম নিরসনে উদ্বুদ্ধ করবেন। | ১. জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী অফিসার সহ জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা<br>২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ<br>৩। উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ<br>ক. পৌর মেয়র<br>খ. উপজেলা চেয়ারম্যান<br>গ. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |
| ০৭. | **পুনর্বাসন সংক্রান্ত:**<br>ঝুঁকিপূর্ণ শ্রমে নিয়োজিত শিশুদের মধ্যে এতিম, বাবা অথবা মা নেই, পরিত্যক্ত/পরিত্যাক্তা, অভিভাবকহীন, পিতৃ পরিচয়হীন শিশুদেরকে সমাজসেবা অধিদপ্তরাধীন 'সরকারি শিশু পরিবার'-এ পুনর্বাসনের সুযোগ রয়েছে বলে সভায় জানানো হয়।<br>শ্রমে নিয়োজিত দারিদ্রপীড়িত ও ঝরে পড়া ৮-১৪ বছর বয়সী শিশুদেরকে শিক্ষার আওতায় ফিরিয়ে আনতে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর মাধ্যমে উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর আওতায় টাঙ্গাইল জেলার ৯টি উপজেলায় উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম চলমান আছে। শ্রমে নিয়োজিত শিশুদেরকে এ উপানুষ্ঠানিক শিক্ষায় অন্তর্ভূক্ত করা সম্ভব বলে জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, টাঙ্গাইল জানান।<br>কাজ করে এমন ছেলে মেয়ে শিশুকল্যাণ প্রাথমিক বিদ্যালয়, টাঙ্গাইল এ পড়াশুনা করার সুযোগ রয়েছে বলে সভায় জানানো হয়। | শ্রম হতে নিরসনের লক্ষ্যে শ্রমে নিয়োজিত অসহায়, দরিদ্র শিশুদের পুনর্বাসনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর<br>২) অধ্যক্ষ, টিটিসি<br>৩) জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, টাঙ্গাইল<br>৪) প্রধান শিক্ষক, শিশুকল্যাণ প্রাথমিক বিদ্যালয়, টাঙ্গাইল<br>৫) ব্র্যাক, টাঙ্গাইল;<br>৬) এসএসএস, টাঙ্গাইল |
| ০৮. | **মালিক সংগঠন ও টাঙ্গাইল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি-এর ভূমিকা:**<br>টাঙ্গাইল জেলার দোকান/প্রতিষ্ঠান/কারখানা হতে শিশুশ্রম নিরসন করতে বিভিন্ন সেক্টরের ব্যবসায়ী মালিক সমিতিকে বিভিন্ন পদক্ষেপ যেমন- প্রচার, মালিকদের নিয়ে সভা, শিশুকে কাজে নিয়োগ না করার জন্য কারখানা/প্রতিষ্ঠান/দোকান মালিককে উদ্বুদ্ধকরণ ও নির্দেশনা প্রদান করে পত্র প্রেরণ ইত্যাদি গ্রহণ করার জন্য সভায় | ১) 'শিশুশ্রম নিষিদ্ধ এবং শিশুকে কাজে নিয়োগ করা অভিভাবক ও নিয়োগকারী কর্তৃপক্ষ উভয়ের জন্য আইনত দন্ডনীয় অপরাধ' বিষয়টি বিভিন্নভাবে প্রচার করতে হবে।<br>২) কারখানা/প্রতিষ্ঠান/দোকান | ১. সভাপতি/সাধারণ সম্পাদক, সংশ্লিষ্ট সেক্টরের ব্যবসায়ী মালিক সমিতি<br>২. সভাপতি/সাধারণ সম্পাদক, বিসিক ব্যবসায়ী মালিক সমিতি<br>৩. সভাপতি, জেলা ব্যবসায়ী |

| | | | |
|---|---|---|---|
| | অনুরোধ করা হয়। টাঙ্গাইল জেলার দোকান/প্রতিষ্ঠান/কারখানা মালিকদের সংগঠন টাঙ্গাইল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির টাঙ্গাইল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির প্রতিনিধি জানান, শিশুশ্রম নিরসনে তারা সোচ্ছার। এ বিষয়ে টাঙ্গাইল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি বিভিন্ন সময়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণও করেছেন। টাঙ্গাইল জেলাকে শিশুশ্রম মুক্ত করতে যে পদক্ষেপ গ্রহণ করা হবে তার সাথে তারা একত্বতা ঘোষণা করেন। | মালিকদের নিয়ে আয়োজিত সভায় শিশুকে কাজে নিয়োগ না করার জন্য উদ্বুদ্ধকরণসহ নির্দেশনা প্রদান করতে হবে। ৩) শিশুকে কাজে নিয়োগ না করার জন্য কারখানা/প্রতিষ্ঠান/দোকান মালিককে নির্দেশনা প্রদান করে পত্র প্রেরণ করতে হবে। | ঐক্যজোটে<br>৪.সভাপতি/সাধারণ সম্পাদক, টাঙ্গাইল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি |
| ০৯. | **শ্রমিক সংগঠনের ভূমিকা পালন:**<br>শিশুশ্রমিক কর্মরত দেখা যায় এমন সেক্টর যেমন- ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ, অটোমোবাইল ও মটর সাইকেল মেরামত ওয়ার্কসপ, বেকারী, হোটেল রেস্তোরা, দোকান প্রতিষ্ঠানসমূহে শিশুকে নিয়োগ না করার জন্য সংশ্লিষ্ট সেক্টরের শ্রমিক সংগঠন অভিভাবক ও মালিকগণকে উদ্বুদ্ধকরণ এবং শিশুশ্রম নিরসনে প্রত্যক্ষ ভূমিকা পালনের অনুরোধ জানানো হয়। | ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ, মটর সাইকেল মেরামত ওয়ার্কসপ, বেকারী, হোটেল রেস্তোরা, দোকান, প্রতিষ্ঠানসহ সকল সেক্টরে শিশুকে নিয়োগ না করার জন্য সংশ্লিষ্ট সেক্টরের শ্রমিক সংগঠন অভিভাবক ও মালিকগণকে উদ্বুদ্ধ ও প্রচার করতে হবে। | ১. সভাপতি/সাধারণ সম্পাদক, সংশ্লিষ্ট সেক্টরের শ্রমিক সংগঠন<br>২. সভাপতি/সাধারণ সম্পাদক, টাঙ্গাইল জেলা বিসিক ক্ষুদ্র শিল্প শ্রমিক ইউনিয়ন।<br>৩. সভাপতি/সাধারণ সম্পাদক, জাতীয় শ্রমিকলীগ, টাঙ্গাইল জেলা শাখা<br>৪.সভাপতি/সাধারণ সম্পাদক, টাঙ্গাইল জেলা শ্রমিক ফেডারেশন |
| ১০. | **সরকারী দপ্তর/সংস্থার ভূমিকা:** | | |
| | **১. জেলা তথ্য অফিস, টাঙ্গাইল:**<br>শিশুশ্রম নিরসনে জনসচেতনতা সৃষ্টিতে ব্যাপক প্রচার-প্রচারণার বিকল্প নেই। সমাজের মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে ব্যাপক প্রচার-প্রচারণার টাঙ্গাইল জেলার সকল উপজেলাতে মাইকিং ও শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নির্মিত শিশুশ্রম নিরসনে সচেতনতামূলক বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সভায় জানান। মা সমাবেশ বা অভিভাবক সমাবেশ বা উঠান বৈঠকে ‘শিশুশ্রম নিষিদ্ধ এবং শিশুকে কাজে নিয়োগ করা অভিভাবক ও নিয়োগকারী কর্তৃপক্ষ উভয়ের জন্য আইনত দন্ডনীয় অপরাধ’-এ বিষয়ে আলোচনা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নির্মিত শিশুশ্রম নিরসনে সচেতনতামূলক বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শন এবং সকল উপজেলাতে মাইকিং করে ব্যাপক প্রচার-প্রচারণা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নির্মিত শিশুশ্রম নিরসনে সচেতনতামূলক বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শন অব্যাহত রাখতে অনুরোধ জানানো হয়। | ১. মা সমাবেশ বা অভিভাবক সমাবেশ বা উঠান বৈঠকে ‘শিশুশ্রম নিষিদ্ধ এবং শিশুকে কাজে নিয়োগ করা অভিভাবক ও নিয়োগকারী কর্তৃপক্ষ উভয়ের জন্য আইনত দন্ডনীয় অপরাধ’-এ বিষয়ে আলোচনা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নির্মিত শিশুশ্রম নিরসনে সচেতনতামূলক বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শন অব্যাহত রাখতে হবে।<br>২. টাঙ্গাইল জেলার সকল উপজেলাতে মাইকিং করে ব্যাপক প্রচার-প্রচারণা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নির্মিত শিশুশ্রম নিরসনে সচেতনতামূলক বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শন অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, জেলা তথ্য অফিসা |
| | **২. জাতীয় মহিলা সংস্থা, টাঙ্গাইল:**<br>জাতীয় মহিলা সংস্থার তথ্যকেন্দ্রসমূহের অভিভাবক সমাবেশ বা উঠান বৈঠকে শিশুশ্রম নিরসন বিষয়ে আলোচনা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নির্মিত শিশুশ্রম নিরসনে সচেতনতামূলক বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শন করলে মানুষ সচেতন হবে মর্মে সভায় জানানো হয়। | জাতীয় মহিলা সংস্থার তথ্যকেন্দ্র সমূহের উঠান বৈঠকে ‘শিশুশ্রম নিষিদ্ধ এবং শিশুকে কাজে নিয়োগ করা অভিভাবক ও নিয়োগকারী কর্তৃপক্ষ উভয়ের জন্য আইনত দন্ডনীয় অপরাধ’-এ বিষয়ে আলোচনা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক | জেলা কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা |

| | | | |
|---|---|---|---|
| | | নির্মিত শিশুশ্রম নিরসনে সচেতনতামূলক বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শন করতে হবে। | |
| | **৩. ইসলামিক ফাউন্ডেশন, টাঙ্গাইল:** শুক্রবারে জুমা’র দিন মসজিদে ইমামগণ শিশুশ্রম নিরসন বিষয়ে আলোচনা করলে সমাজের মানুষ সচেতন হবে বলে সভায় মত প্রদান করা হয়। শিশুশ্রম নিরসন বিষয়টি ইমামগণ যাতে গুরত্বের সাথে বিবেচনা করে মসজিদে আলোচনা করেন সে বিষয়ে নির্দেশনা প্রদান এবং নিশ্চিতকরণে মনিটরিং এর জন্য উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন কে অনুরোধ জানানো হয়। | জুমা’র দিনে ইমামগণের মাধ্যমে সকল উপজেলায় মসজিদে শিশুশ্রম নিরসন বিষয়ে আলোচনা ও প্রচারণার ব্যবস্থা করতে হবে। গৃহীত ব্যবস্থা সম্পর্কে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| | **৪. বিসিক, টাঙ্গাইল:** বিসিক, টাঙ্গাইলে অবস্থিত শিল্প কারখানাগুলোতে শিশু শ্রমিক যেন নিয়োগ করা না হয়, সে বিষয়ে বিসিক এর সহকারী মহাব্যবস্থাপক কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও মনিটরিং এর অনুরোধ করা হয়। | বিসিক, টাঙ্গাইলে অবস্থিত শিল্পকারখানায় শিশুকে যেন কজে নিয়োগ করা না হয়, সে বিষয়ে মনিটরিং, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং শ্রমে নিয়োজিত শিশুদের প্রাপ্ত তথ্য সদস্য সচিব বরাবর প্রেরণ করতে হবে। | ১. সহকারী মহাব্যবস্থাপক, বিসিক, টাঙ্গাইল |
| | **৫. পরিবেশ অধিদপ্তর, টাঙ্গাইল:** পরিবেশ অধিদপ্তর কর্তৃক টাঙ্গাইল জেলার বিভিন্ন কারখানা /প্রতিষ্ঠান পরিদর্শনকালে এবং ছাড়পত্র ও নবায়ন প্রদানের সময় শিশুকে কাজে নিয়োগ না করার বিষয়ে উদ্বুদ্ধ ও নির্দেশনা প্রদান করবেন। কারখানা/প্রতিষ্ঠান পরিদর্শনের সময় কোন প্রতিষ্ঠানে শিশু শ্রমিক পাওয়া গেলে সাথে সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সদস্য সচিবকে প্রাপ্ত শিশুশ্রমিকের তথ্য প্রেরণ করার জন্য উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, টাঙ্গাইল কে অনুরোধ করা হয়। | কারখানা/প্রতিষ্ঠানের ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে শিশুকে কাজে নিয়োগ না করার নির্দেশনা প্রদান এবং কারখানা/প্রতিষ্ঠান পরিদর্শনের সময় প্রাপ্ত শ্রমে নিয়োজিত শিশুদের তথ্য সদস্য সচিব বরাবর প্রেরণ করতে হবে। | উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, টাঙ্গাইল |
| | **৬. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, টাঙ্গাইল:** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, টাঙ্গাইল কর্তৃক টাঙ্গাইল জেলার বিভিন্ন কারখানা/প্রতিষ্ঠান পরিদর্শন ও অগ্নিনির্বাপন মহড়াকালে এবং লাইসেন্স ইস্যু ও নবায়ন প্রদানের সময় শিশুকে কাজে নিয়োগ না করার বিষয়ে উদ্বুদ্ধ ও নির্দেশনা প্রদান করবেন। কারখানা/প্রতিষ্ঠান পরিদর্শন ও অগ্নিনির্বাপন মহড়াকালে কোন প্রতিষ্ঠানে শিশু শ্রমিক পাওয়া গেলে সাথে সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সদস্য সচিবকে প্রাপ্ত শিশুশ্রমিকের তথ্য প্রেরণ করার জন্য সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, টাঙ্গাইল কে অনুরোধ করা হয়। | কারখানা/প্রতিষ্ঠান পরিদর্শন ও অগ্নিনির্বাপন মহড়াকালে এবং লাইসেন্স ইস্যু ও নবায়ন প্রদানের ক্ষেত্রে শিশুকে কাজে নিয়োগ না করার নির্দেশনা প্রদান এবং কারখানা/প্রতিষ্ঠান পরিদর্শনের সময় প্রাপ্ত শ্রমে নিয়োজিত শিশুদের তথ্য সদস্য সচিব বরাবর প্রেরণ করতে হবে। | সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, টাঙ্গাইল |
| | **৭. জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, টাঙ্গাইল:** টাঙ্গাইল জেলার বিভিন্ন প্রতিষ্ঠানে অভিযান পরিচালনাকালে শিশুশ্রম আছে কী না তা লক্ষ্য করা, শ্রমে নিয়োজিত শিশুদের তথ্য সংগ্রহ করে সদস্য সচিব বরাবর প্রেরণ করা এবং শিশুকে কাজে নিয়োজিত না করার বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, টাঙ্গাইলকে অনুরোধ জানানো হয়। | টাঙ্গাইল জেলার বিভিন্ন প্রতিষ্ঠানে নিজস্ব কার্যক্রম যেমন-অভিযান পরিচালনাকালে প্রতিষ্ঠানে শিশুশ্রম আছে কী না তা লক্ষ্য করতে হবে, শ্রমে নিয়োজিত শিশুর তথ্য সংগ্রহ করে প্রেরণ করতে হবে এবং শিশুকে কাজে নিয়োজিত না করার বিষয়ে উদ্বুদ্ধকরণ করতে হবে। | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর |
| | **৮. সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, টাঙ্গাইল:** টাঙ্গাইল জেলার বাজার, মার্কেট/শপিংমল, দোকান/প্রতিষ্ঠান পরিদর্শন ও অভিযান পরিচালনা কালে বাজার, মার্কেট/শপিংমল, দোকান/প্রতিষ্ঠানে শিশুশ্রম আছে কী না তা লক্ষ্য করা, শ্রমে নিয়োজিত শিশুদের তথ্য সংগ্রহ করে সদস্য সচিব বরাবর প্রেরণ করা এবং শিশুকে কাজে নিয়োজিত না করার বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, টাঙ্গাইলকে অনুরোধ জানানো হয়। | টাঙ্গাইল জেলার বিভিন্ন বাজার, মার্কেট/শপিংমল, দোকান/প্রতিষ্ঠান পরিদর্শন ও অভিযান পরিচালনা কালে বাজার, মার্কেট/শপিংমল, দোকান/প্রতিষ্ঠানে শিশুশ্রম আছে কী না তা লক্ষ্য করতে হবে, শ্রমে নিয়োজিত শিশুর তথ্য সংগ্রহ | সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, টাঙ্গাইল |

| | | | |
|---|---|---|---|
| | | করে প্রেরণ করতে হবে এবং শিশুকে কাজে নিয়োজিত না করার বিষয়ে উদ্বুদ্ধকরণ করতে হবে। | |
| | **৯. টি.টি.সি., টাঙ্গাইল:**<br>টি.টি.সি., টাঙ্গাইলের অধ্যক্ষ তাদের কার্যক্রম উপস্থাপন করেন শিশুশ্রম নিরসনে/পুনর্বাসনে এক সাথে কাজ প্রত্যয় ব্যক্ত করেন। | ১) শিশুশ্রম মুক্ত বাংলাদেশ গড়ে তুলতে শ্রমে নিয়োজিত শিশুদের শ্রম হতে প্রত্যাহার কারিগরী প্রশিক্ষণের আওতায় আনা/পুনর্বাসন সংক্রান্ত প্রকল্প/কর্মসূচি গ্রহণ করা যেতে পারে।<br>২) শ্রমে নিয়োজিত শিশুদের শ্রম হতে প্রত্যাহার কারিগরী প্রশিক্ষণের আওতায় আনা/পুনর্বাসন সংক্রান্ত যেসব প্রকল্প/কর্মসূচি চলমান আছে তার কার্যক্রম বেগবান করতে হবে।<br>৩) শ্রমে নিয়োজিত শিশুদের শ্রম হতে প্রত্যাহার কারিগরী প্রশিক্ষণের আওতায় আনা/পুনর্বাসন সংক্রান্ত চলমান প্রকল্প/কর্মসূচির হালনাগাদ তথ্য সদস্য সচিবের নিকট প্রেরণ করতে হবে। | অধ্যক্ষ, টি টি সি, টাঙ্গাইল |
| | **১০. সমাজসেবা অধিদপ্তর, টাঙ্গাইল:**<br>ঝুঁকিপূর্ণ শ্রমে নিয়োজিত শিশুদের মধ্যে এতিম, বাবা অথবা মা নেই, পরিত্যক্ত/পরিত্যাক্তা, অভিভাবকহীন, পিতৃ পরিচয়হীন শিশুদেরকে সমাজসেবা অধিদপ্তরাধীন ‘সরকারি শিশু পরিবার’-এ পুনর্বাসনের সুযোগ রয়েছে বলে সভায় জানানো হয়। | শ্রম হতে নিরসনের লক্ষ্যে শ্রমে নিয়োজিত অসহায়, দরিদ্র শিশুদের পুনর্বাসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর |
| | **১১. জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, টাঙ্গাইল:**<br>জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, টাঙ্গাইল আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর মাধ্যমে দারিদ্রপীড়িত, শিক্ষাবঞ্চিত, ঝরে পড়া, শ্রমে নিয়োজিত ৮-১৪ বছর বয়সী শিশুদেরকে শিক্ষার আওতায় ফিরিয়ে আনতে উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর আওতায় টাঙ্গাইল জেলার ৯টি উপজেলায় উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম চলমান আছে। | ১) চলমান প্রকল্প/কর্মসূচি আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর মাধ্যমে শ্রমে নিয়োজিত দারিদ্রপীড়িত ও ঝরে পড়া শিশুদেরকে শিক্ষার আওতায় এনে শ্রম হতে নিরসন কার্যক্রম বেগবান করতে হবে।<br>২) চলমান প্রকল্প/কর্মসূচি আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর মাধ্যমে শ্রমে হতে নিরসনকৃত শিশুর হালনাগাদ তথ্য সদস্য সচিবের নিকট প্রেরণ করতে হবে। | সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, টাঙ্গাইল |
| | **১২. বাংলাদেশ শিশু একাডেমী, টাঙ্গাইল :**<br>শ্রমে নিয়োজিত শিশুকে শ্রম হতে নিরসনের লক্ষ্যে অভিভাবকদেরকে উদ্বুদ্ধ করা এবং উক্ত শিশুদেরকে মনোনিশীলতা বিকাশে শিশুবিষয়ক সকল কর্মকান্ডে অন্তর্ভূক্ত করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ১. শিশুকে শ্রমে নিয়োগ না করা এবং শ্রমে নিয়োজিত শিশুকে শ্রম হতে নিরসনে অভিভাবকদেরকে উদ্বুদ্ধ করা ও প্রচার করতে হবে।<br>২. শ্রমে নিয়োজিত শিশুদেরকে শ্রম হতে নিরসনের লক্ষ্যে ও তাদের মনোনিশীলতা বিকাশে শিশুবিষয়ক সকল কর্মকান্ডে উক্ত শিশুদেরকে অন্তর্ভূক্ত করতে হবে। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমী |

| | | | |
|---|---|---|---|
| | **১৩. জেলা শিক্ষা অফিস, টাঙ্গাইল:**<br>প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ ঝরে পড়া ছাত্র-ছাত্রীর তথ্য সংগ্রহের সময় যদি কোন শিশু শ্রমে নিয়োজিত হয়ে থাকে তার বিস্তারিত তথ্য সংগ্রহ করে কমিটিতে প্রেরণ করা হলে তাদের শ্রম হতে নিরসন ও পুনর্বাসনে উদ্যোগ গ্রহণ করা সহজ হবে মর্মে সভায় মত ব্যক্ত করা হয়। | প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ ঝরে পড়া ছাত্র-ছাত্রীর তথ্য সংগ্রহের সময় শ্রমে নিয়োজিত শিশুর তথ্য/তালিকা প্রণয়ন করে কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণ করতে হবে। | ১. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল। |
| | **১৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিস, টাঙ্গাইল:**<br>প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ ঝরে পড়া ছাত্র-ছাত্রীর তথ্য সংগ্রহের সময় যদি কোন শিশু শ্রমে নিয়োজিত হয়ে থাকে তার বিস্তারিত তথ্য সংগ্রহ করে কমিটিতে প্রেরণ করা হলে তাদের শ্রম হতে নিরসন ও পুনর্বাসনে উদ্যোগ গ্রহণ করা সহজ হবে মর্মে সভায় মত ব্যক্ত করা হয়। | প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ ঝরে পড়া ছাত্র-ছাত্রীর তথ্য সংগ্রহের সময় শ্রমে নিয়োজিত শিশুর তথ্য/তালিকা প্রণয়ন করে কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণ করতে হবে। | ১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, টাঙ্গাইল। |
| | **১৫. আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী:**<br>দায়িত্ব পালন কালে এবং অভিযান পরিচালনা কালে ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ, বেকারী, হোটেল রেস্তোরা, দোকান/প্রতিষ্ঠান/কারখানা, গণ পরিবহন (যেমন-ইজিবাইক, লেগুনা, বাস, ট্রাক) ইত্যাদিতে শিশুকে কর্মরত দেখলে 'শিশুশ্রম নিষিদ্ধ এবং শিশুকে কাজে নিয়োগ করা দন্ডনীয় অপরাধ' এ বিষয়ে উদ্বুদ্ধকরণ সহ শ্রম হতে শিশুকে নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ, র‍্যাব সহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ জানানো হয়। সভায় উপস্থিত জেলা পুলিশ, টাঙ্গাইলের প্রতিনিধি শিশুশ্রম নিরসনে সংশ্লিষ্ট স্টেকহোল্ডাদের ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রতি গুরুত্বারোপ করেন। শিশুশ্রম নিরসনে প্রথমে উদ্বুদ্ধকরণ ও সতর্কীকরণ এবং পরবর্তীতে প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে তিনি মত ব্যক্ত করেন। | ১. দায়িত্ব পালন কালে এবং অভিযান পরিচালনা কালে ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ, বেকারী, হোটেল রেস্তোরা, দোকান/প্রতিষ্ঠান/কারখানা, গণ পরিবহন (যেমন- ইজিবাইক, লেগুনা, বাস, ট্রাক) ইত্যাদিতে অর্থাৎ কর্মক্ষেত্রে শিশুকে কর্মরত দেখলে উদ্বুদ্ধকরণ সহ শ্রম হতে শিশুকে নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ সুপার, টাঙ্গাইল। |
| ১১. | **এনজিও বা বেসরকারী সংস্থার ভূমিকা পালন:** | | |
| | **এস এস এস, টাঙ্গাইল:**<br>এস এস এস, টাঙ্গাইলের প্রতিনিধি তাদের কার্যক্রম উপস্থাপন করেন। তিনি জানান যে, এস এস এস বাসা বাড়িতে কাজ করা শিশুদের স্বাস্থ্য সচেতনতাসহ বিনামূল্যে শিক্ষাদান কর্মসূচি পরিচালনা করছে। | ১) শিশুশ্রম মুক্ত বাংলাদেশ গড়ে তুলতে শ্রম হতে শিশুদের নিরসন/পুনর্বাসন সংক্রান্ত প্রকল্প/কর্মসূচি গ্রহণ করতে হবে।<br>২) শ্রম হতে শিশুদের নিরসন/পুনর্বাসন সংক্রান্ত চলমান প্রকল্প/কর্মসূচির কার্যক্রম বেগবান করতে হবে।<br>৩) চলমান প্রকল্প/কর্মসূচির হালনাগাদ তথ্য সদস্য সচিবের নিকট প্রেরণ করতে হবে। | পরিচালক, এস এস এস, টাঙ্গাইল |
| | **ব্র্যাক, টাঙ্গাইল:**<br>শিশুশ্রম মুক্ত বাংলাদেশ গড়ে তুলতে শ্রম হতে শিশুদের নিরসন/পুনর্বাসন সংক্রান্ত প্রকল্প/কর্মসূচি গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়। | ১) শিশুশ্রম মুক্ত বাংলাদেশ গড়ে তুলতে শ্রম হতে শিশুদের নিরসন/পুনর্বাসন সংক্রান্ত প্রকল্প/কর্মসূচি গ্রহণ করতে হবে।<br>২) শ্রম হতে শিশুদের নিরসন/পুনর্বাসন সংক্রান্ত চলমান প্রকল্প/কর্মসূচির কার্যক্রম বেগবান করতে হবে।<br>৩) চলমান প্রকল্প/কর্মসূচির হালনাগাদ তথ্য সদস্য সচিবের নিকট প্রেরণ করতে হবে। | ব্র্যাক, টাঙ্গাইল |

| | | | |
|---|---|---|---|
| ১২. | **শিশু সংগঠনের ভূমিকা** | | |
| | **স্বকাল পরিষদ**<br>শিশু শ্রম নিরসনে যে সকল কার্যাদি সম্পাদন করেছেন তার তথ্যাদি পরবর্তী সভায় উপস্থানের জন্য অনুরোধ জানানো হয়। | ১. শিশুকে শ্রমে নিয়োগ না করা এবং শ্রমে নিয়োজিত শিশুকে শ্রম হতে নিরসনে উদ্বুদ্ধ করবেন।<br>২. শিশুশ্রম নিরসনে যে সকল কার্যাদি সম্পাদন করেছেন তার হালনাগাদ তথ্য সদস্য সচিবের নিকট প্রেরণ ও পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | স্বকাল পরিষদ, টাঙ্গাইল |
| | **শেখ রাসেল শিশুকল্যাণ পরিষদ**<br>শিশু শ্রম নিরসনে যে সকল কার্যাদি সম্পাদন করেছেন তার তথ্যাদি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। | ১. শিশুকে শ্রমে নিয়োগ না করা এবং শ্রমে নিয়োজিত শিশুকে শ্রম হতে নিরসনে উদ্বুদ্ধ করবেন।<br>২. শিশুশ্রম নিরসনে যে সকল কার্যাদি সম্পাদন করেছেন তার হালনাগাদ তথ্য সদস্য সচিবের নিকট প্রেরণ ও পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | শেখ রাসেল শিশুকল্যাণ পরিষদ,টাঙ্গাইল |
| ১৩. | **শিশু অধিকার নিয়ে কাজ করেন এমন ব্যক্তির ভূমিকা** | | |
| | **প্রধান শিক্ষক, শিশুকল্যাণ প্রাথমিক বিদ্যালয়:**<br>শিশুকল্যাণ প্রাথমিক বিদ্যালয়, টাঙ্গাইল এর প্রধান শিক্ষক জনাব সায়মা খন্দকার সভায় জানান যে, কাজ করে এমন ছেলে মেয়ে এ বিদ্যালয়ে পড়াশুনা করার সুযোগ রয়েছে। | শ্রম হতে নিরসন/ পুনর্বাসনের লক্ষ্যে শ্রমে নিয়োজিত অসহায়, দরিদ্র শিশুদের বিদ্যালয়ে আনার উদ্যোগ জোরদার করতে হবে। | জনাব সায়মা খন্দকার, প্রধান শিক্ষক, শিশুকল্যাণ প্রাথমিক বিদ্যালয়, টাঙ্গাইল। |
| | **তরুন ইউসুফ, সহকারী অধ্যাপক, মেজর জেনারেল মাহমুদুল হাসান আদর্শ কলেজ, টাঙ্গাইল:**<br>শিশু শ্রম নিরসনে যে সকল কার্যাদি সম্পাদন করেছেন তার তথ্যাদি পরবর্তী সভায় উপস্থানের জন্য অনুরোধ জানানো হয়। | ১. শিশুকে শ্রমে নিয়োগ না করা এবং শ্রমে নিয়োজিত শিশুকে শ্রম হতে নিরসনে উদ্বুদ্ধ/প্রচার করবেন।<br>২. শিশুশ্রম নিরসনে যে সকল কার্যাদি সম্পাদন করেছেন তার হালনাগাদ তথ্য সদস্য সচিবের নিকট প্রেরণ ও পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | জনাব তরুন ইউসুফ, সহকারী অধ্যাপক, মেজর জেনারেল মাহমুদুল হাসান আদর্শ কলেজ, টাঙ্গাইল |
| ১৪. | **গণমাধ্যমের ভূমিকা**<br>টাঙ্গাইল জেলা-কে শিশুশ্রম মুক্ত করতে ব্যাপক প্রচার-প্রচারণার মাধ্যমে সমাজের মানুষকে ‘শিশুশ্রম নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ, শিশুকে কাজে নিয়োগ দেয়া যাবে না’ এ বিষয়ে সচেতনতা সৃষ্টি করতে হবে। এক্ষেত্রে গণমাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি সহ সরকারী-বেসরকারী সংস্থার কার্যক্রম এবং স্থানীয় গণমাধ্যমের প্রচার প্রচারণার ফলে এ জেলায় শ্রমে নিয়োজিত শিশুর সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে বলে সকলে উল্লেখ করেন। শিশুশ্রম নিরসনে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্থানীয় গণমাধ্যমে বেশি বেশি প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে অনুরোধ জানানো হয়। | শিশুশ্রম নিরসনে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্থানীয় গণমাধ্যমে বেশি বেশি প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। | ১. সভাপতি, প্রেস ক্লাব, টাঙ্গাইল।<br>২. জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল |

সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

জেলা প্রশাসক, টাঙ্গাইল
ও
সভাপতি
জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (DCLMC), টাঙ্গাইল

স্মারক নম্বর: ৪০.০১.৯৩০০.১০২.০৬.০০৫.১৯.১৭

তারিখ: ৮ মাঘ ১৪২৯ / ২২ জানুয়ারি ২০২৩

বিতরণ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) জনাব মো. ছানোয়ার হোসেন, মাননীয় সংসদ সদস্য, টাঙ্গাইল-৫ ও উপদেষ্টা, জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি, টাঙ্গাইল

২) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৩) প্রতিমন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫) সিনিয়র সহকারী সচিব, নারী ও শিশুশ্রম শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৬) অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল

৭) কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

৮) সহকারী কমিশনার (গোপনীয়), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৯) ----------------------------------------------------------------------, সদস্য, জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি, টাঙ্গাইল

১০) সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

মহর আলী মোল্লা
উপমহাপরিদর্শক ও সদস্য সচিব, জেলা শিশুশ্রম
পরিবীক্ষণ কমিটি (DCLMC), টাঙ্গাইল
ফোন: ০২৯৯৭৭-৫৩৩১৮
ই-মেইল: dig.tangail@gmail.com